

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : পঞ্চম

বিষয় : প্রাথমিক গণিত

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

২০ × ১ = ২

- ১) ১ রীমে ৫০০ তা কাগজ হলে ৮ রীমে কত তা কাগজ থাকে ?
- ২) ভাজক, ভাগফল, ভাগশেষ ও ভাজ্যের মধ্যে সম্পর্কটি লিখ।
- ৩) কন্যার বয়স ১৬ বছর ও পিতার বয়স ৬৪ বছর হলে পিতার বয়স, কন্যার বয়সের কত গুণ ?
- ৪) $১০□৫ + ৫ = ৫৫$: খালিঘরে কোন প্রক্রিয়া প্রতীকটি হবে?
- ৫) ল.সা.গু এর পূর্ণরূপ কী ?
- ৬) প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশের মধ্যে কোনটি বড় ভগ্নাংশ ?
- ৭) ০.০০৩৬ কে ৭ দ্বারা গুণ করলে গুণফল কত হবে ?
- ৮) ৬টি বইয়ের ওজন ৯২৪ গ্রাম। বইগুলোর গড় ওজন কত?
- ৯) দৈর্ঘ্য পরিমাপের মূল একক কী ?
- ১০) আয়ত কখন বর্গ হয়?
- ১১) $১২৩ × ১১০ = □$, খালিঘরে কোন সংখ্যাটি বসবে ?
- ১২) ৮টি ডিমের দাম ৭২ টাকা হলে ১টি ডিমের দাম কত ?
- ১৩) ১ ডজন কলার দাম ১৫০ টাকা হলে ১ হালি কলার দাম কত ?
- ১৪) $ক - ১২ = ২৫$: গাণিতিক বাক্যটি ক এর কোন মানের জন্য সত্য ?
- ১৫) $০.২ × ০.০২ × ০.০০২ =$ কত ?
- ১৬) $০.২৫ × ০.৪ =$ কত ?
- ১৭) ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাটি কত ?
- ১৮) আগস্ট মাসের তিন দিনের তাপমাত্রা যথাক্রমে ৩১° সে., ৩০° সে., ৩২° সে. হলে ১দিনের গড় তাপমাত্রা কত ?
- ১৯) বার্ষিক মুনাফার হার ৫% কথাটির অর্থ কী ?
- ২০) কেন্দ্র থেকে পরিধির দূরত্বকে কী বলে ?

২। পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ।

- ক) পুত্রের বর্তমান বয়স কত ? ২
 - খ) পিতা ও পুত্রের বর্তমান বয়সের ব্যবধান কত ? ৩
 - গ) ১৬ বছর পর পিতা ও পুত্রের বয়সের ব্যবধান কত হবে ? ৩
- অথবা, ফরিদা ও ফাতেমার বেতন একত্রে ১৯৯৫০ টাকা। ফরিদা অপেক্ষা ফাতেমা ২৪৫০ টাকা বেশি পায়।
- ক) দুইজনের একত্রে সমান টাকা বের কর। ২
 - খ) ফাতেমার টাকার পরিমাণ কত ? ৩
 - গ) ফরিদার বেতনের দ্বিগুণ পরিমাণ টাকা দিয়ে ফরিদা ২৫০ টাকা দরে কতটি বই কিনতে পারবে ? ৩

৩। একটি আয়তাকার মেঝের দৈর্ঘ্য ৪৮ মিটার ও প্রস্থ ৪০ মিটার। কোনো খালি জায়গা না রেখে মেঝেটিতে কিছু সংখ্যক বর্গাকার কার্পেট বসানো হলো?

- ক) প্রতিটি কার্পেটের এক বাহুর দৈর্ঘ্য কত মিটার ? ৩
 - খ) মোট কতটি কার্পেট লাগবে ? ৩
 - গ) প্রতিটি কার্পেটের মূল্য ২৫০ টাকা হলে, মোট কত টাকা লাগবে ? ২
- অথবা, গণিতের শিক্ষক রাশেদ ৬০টি পেন্সিল এবং ৩৬টি খাতা কিছু সংখ্যক শিক্ষার্থীর মধ্যে কোনো অবশিষ্ট না রেখে সমান ভাগে ভাগ করে দিলেন।
- ক) মৌলিক গুণনীয়ক কী ? ২
 - খ) ৬০টি পেন্সিল ও ৩৬টি খাতা ন্যূনতম কতজন শিক্ষার্থীকে দিতে পারবেন ? ৩
 - গ) সর্বোচ্চ কতজন শিক্ষার্থীর মধ্যে দ্রব্যগুলো ভাগ করে দিতে পারবেন ? ৩

৪। আশিকের জন্মদিন তার বাবা ২৭০০ গ্রাম ওজনের ১টি কেক আনল। আশিক কেকটির $\frac{2}{3}$ অংশ বন্ধুদেরকে খাওয়ালো। বাকি অংশ ২ ভাই ও ১ বোনের মধ্যে সমানভাবে ভাগ করে দিল ?

- ক) আশিক তার বন্ধুদেরকে কত গ্রাম কেক খাওয়ালো ? ২
- খ) ২ ভাই ও ১ বোন একত্রে কেকটির কত অংশ পেল ? ৩
- গ) ২ ভাই ও ১ বোনের প্রত্যেকে কেকটির কত অংশ পেল ? ? ৩

অথবা, একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ২— মিটার এবং প্রস্থ ১— মিটার।

- ক) দৈর্ঘ্য ও প্রস্থকে অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তর কর। ২
- খ) বাগানটির ক্ষেত্রফল বের কর ? ৩
- গ) ক্ষেত্রফল ও ক্ষেত্রফলের বিপরীত ভগ্নাংশের গুণফল নির্ণয় কর। ৩

৫। একজন ক্রিকেটারের ৮টি ম্যাচের ওয়ানডে সিরিজে সংগৃহীত রান যথাক্রমে ৫৮, ৩০, ৬৮, ২৪, ৩২, ৬৩, ৫৫, ৩০।

ক) শেষ ৪টি ইনিংসের গড় নির্ণয় কর ?

খ) সর্বোচ্চ ৩টি ইনিংসের গড় কত ?

গ) ঐ সিরিজে সে মোট কত রান করেছে ?

অথবা, জসিম বার্ষিক পরীক্ষায় বাংলায় ৫৮, গণিতে ৮৬, ইংরেজিতে ৭১, বিজ্ঞানে ৬৭, ধর্মে ৬৩ নম্বর পেয়েছে।

ক) প্রথম তিনটি বিষয়ে তার মোট নম্বর কত ?

খ) শেষ তিনটি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় কত ?

গ) সে গড়ে কত নম্বর পেয়েছে ?

৬। একটি আয়তাকার জমির প্রস্থ ৪.৭৫ মিটার, দৈর্ঘ্য ১২.৮ মিটার।

ক) আয়তাকার জমির দৈর্ঘ্য ও প্রস্থের যোগফল নির্ণয় কর।

খ) আয়তাকার জমির ক্ষেত্রফল নির্ণয় কর।

গ) যদি জমির প্রস্থ ৩ গুণ বাড়ানো হয় তবে পরিবর্তিত জমির প্রস্থ কত হবে ?

অথবা, শিক্ষক ২ লিটার দুধ ৫ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দিলেন। প্রতি লিটার দুধের দাম ৬৫ টাকা।

ক) শিক্ষক কত টাকার দুধ কিনলেন ?

খ) প্রত্যেক শিক্ষার্থী কত লিটার দুধ পাবে ?

গ) প্রত্যেক শিক্ষার্থী কত টাকার দুধ পেল ?

৭। একজন বিক্রেতা ক্রয়মূল্যের চেয়ে ১২% কমে ৭০৪০ টাকায় একটি টেবিল বিক্রয় করল।

ক) ১২% কমে বিক্রয়মূল্য কত ?

খ) টেবিলটির ক্রয়মূল্য কত ছিল ?

গ) টেবিলটির মূল্য দিয়ে ৪টি চেয়ার কেনা হলো যেগুলোর প্রত্যেকটির বিক্রয়মূল্য ২২১৫ টাকা। চেয়ার প্রতি লাভ কত ?

অথবা, বিপ্লব সাহেব ব্যাংক থেকে আসলের ওপর বার্ষিক ১১% মুনাফায় ৩ বছরের জন্য ২০০০০ টাকা ঋণ নিয়েছিলেন ?

ক) ৩০০ টাকার ১৫০% কত টাকা?

খ) বার্ষিক মুনাফার পরিমাণ কত ?

গ) ৩ বছর পর কত টাকা পরিশোধ করতে হবে ?

৮। যে কোনো ২টি প্রস্থের উত্তর দাও :

$$(৩ + ৩) \times ২ = ১২$$

ক) একটি বর্গ অঙ্কন কর ও অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লিখ; যেখানে বর্গের প্রতিটি বাহুর দৈর্ঘ্য ৪ সেমি।

খ) ৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন কর ও অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লিখ।

গ) একটি সামান্তরিক অঙ্কন করে এর বৈশিষ্ট্য লিখ: যার সন্নিহিত বাহুদ্বয় যথাক্রমে ৪ সেমি ও ৩ সেমি এবং একটি কোণ ৬০°।

৯। একটি ত্রিভুজের উচ্চতা ০.৮ কিমি এবং এর ক্ষেত্রফল ১.২ বর্গকিমি।

ক) উচ্চতাকে মিটারে প্রকাশ কর।

খ) ত্রিভুজের ভূমি কত কিমি ?

গ) যদি বর্গের প্রতিবাহুর দৈর্ঘ্য ত্রিভুজের উচ্চতার সমান হয়। তবে বর্গের ক্ষেত্রফল নির্ণয় কর।

অথবা, একটি বোতলে ১০০০ সেন্টিলিটার পানি ধরে।

ক) অনুরূপ ১৫টি বোতলে মোট কত লিটার পানি ধরবে ?

খ) একটি খালি বালতি পানি দ্বারা ভর্তি করতে ৫০০ মিলিলিটারের ৩০ বোতল পানি লাগলে বালতিটিতে মোট কত লিটার পানি ধরে?

৩

গ) পানি ভর্তি বালতি থেকে ২ লিটার ৫০০ মিলিলিটার পানি ফেলে দিলে ঐ বালতিতে আর কী পরিমাণ পানি থাকবে ?

১০। কর্ণফুলি এক্সপ্রেস ঢাকা থেকে ৫:৩০ টায় ছাড়ে এবং ১৮:৪০ টায় চট্টগ্রামে পৌঁছায়।

ক) ১২ ঘণ্টা সময়সূচিতে কর্ণফুলি এক্সপ্রেস কয়টায় চট্টগ্রামে পৌঁছায়?

খ) চট্টগ্রাম পৌঁছাতে কর্ণফুলি এক্সপ্রেসের কত সময় লাগে ?

অথবা, সোমার বয়স ১২ বছর ৩ মাস ও তমার বয়স ৯ বছর ৪ মাস।

ক) সোমার বয়সকে মাসে পরিণত কর ?

খ) দুইজনের বয়সের সমষ্টি কত ?

১১। কিছু সংখ্যক শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো:

৮০, ৭৩, ৮৫, ৯২, ৮৭, ৭৯, ৭৫, ৭৫, ৭২, ৮৪, ৭০, ৮১, ৯৪, ৭৮, ৯৬, ৮৩, ৭৪, ৮৬, ৯৭, ৯৯।

ক) উপাত্তগুলোর মধ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর কত ?

খ) উপাত্তগুলোর সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বরের পার্থক্য কত এবং শিক্ষার্থী সংখ্যা কত ?

গ) উপাত্তগুলোকে ট্যালির মাধ্যমে শ্রেণিব্যবধান ৫ ধরে সারণিতে স্থাপন করে কোন শ্রেণিতে সর্বনিম্ন শিক্ষার্থী রয়েছে উল্লেখ কর।

অথবা, দরিরামপুর গ্রামের আয়তন ৫০ বর্গকিমি, লোকসংখ্যা ৫৫০ জন এবং রসুলপুর গ্রামের আয়তন ২০ বর্গকিমি, লোকসংখ্যা ৩২০ জন।

ক) দরিরামপুর গ্রামের জনসংখ্যার ঘনত্ব কত ?

খ) কোন গ্রামে জনসংখ্যার ঘনত্ব বেশি

গ) 'খ' হতে প্রাপ্ত গ্রামের ঘনত্ব অপর গ্রাম অপেক্ষা কত বেশি?